দৈনিক
জনকণ্ঠ

তারিখ 11 JAN 2003
পৃষ্ঠা ৬ কলাম ২

# জাবিতে শিবিরকর্মী সন্দেহে ছাত্রদলের হাতে আটক ১২ ॥ একজনকে পুলিশে সোপর্দ

## গোপন সংগঠনের আড়ালে তৎপরতা

আলমগীর স্বপন, জাবি থেকে ॥ মৌলবাদী প্রচারপত্রধারী জাহাঙ্গীরনগর স্টুডেন্ট এ্যাসোসিয়েশন ফর ইসলামিক কনসাসনেস এ্যান্ড কালচারাল একটিভিটিস (জেএসএআইসিসিএ) নামক সংগঠনের আড়ালে গোপন বৈঠককালে জাবিতে শিবিরের কর্মী সন্দেহে ১২ জনকে গত রবিবার রাতে ছাত্রদল কর্মী ও সাধারণ ছাত্ররা আটক করেছে। তবে বৃহস্পতিবার ভাসানী হল প্রশাসন ও প্রক্টর শিবিরকর্মী হিসাবে পরিচিত ও মৌলবাদী কর্মকাণ্ডে সক্রিয়ভাবে অংশগ্রহণকারী হিসাবে স্বীকারকারী রসায়ন তৃতীয় বর্ষের ছাত্র দেলোয়ার হোসেনকে পুলিশ হেফাজতে সাভার থানায় দিয়েছে। এ ছাড়া ৭ জনকে মুচলেকা সাপেক্ষে ভবিষ্যতে এ ধরনের কোন কর্মকাণ্ডে জড়িত না থাকার অঙ্গীকার করায় ছেড়ে দেয়া হয়েছে এবং বাকি ৪ জনকে বুধবার রাতেই ছেড়ে দেয়া হয়। এ নিয়ে ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করেছে। মৌলবাদী কর্মকাণ্ড পরিচালনার প্রতিবাদে প্রগতিশীল ছাত্রজোট বৃহস্পতিবার সন্ধ্যায় মিছিল-সমাবেশের কর্মসূচী ঘোষণা করে।

সূত্রমতে, গত বুধবার রাত সাড়ে আটটায়, জাহাঙ্গীরনগর স্টুডেন্ট এ্যাসোসিয়েশন ফর ইসলামিক কনসাসনেস এ্যান্ড কালচারাল একটিভিটিস নামক সংগঠনের প্রতিষ্ঠার উদ্দেশ্যে ক্যাম্পাসে শিবিরকর্মী হিসাবে পরিচিত দেলোয়ার ভাসানী হলে তার ১২৯ নং রুমে বিভিন্ন হলের প্রতিনিধি নিয়ে বৈঠকে বসে। একপর্যায়ে এ খবর ফাঁস হয়ে গেলে ছাত্রদল ও বিভিন্ন বাম সংগঠনের কর্মী ও সাধারণ ছাত্ররা ১২৯ নং রুম ঘেরাও করে রাখে। একপর্যায়ে তারা রুমে ঢুকে তাদের আটক করে। এ সময় তারা বিভিন্ন ইসলামী জেহাদী বই, মাসিক মদীনা, মাওলানা আব্দুল কাদেরের বিভিন্ন কলাম, সাংগঠনিক বিভিন্ন কার্যক্রমের চিঠি, বিভিন্ন মিটিংয়ের লিখিত কার্যক্রম, জামায়াত শিবির বিষয়ক জনকণ্ঠে প্রকাশিত রিপোর্ট তাদের কাছ থেকে উদ্ধার করে। এ ছাড়া জেএসএআইসিসিএ বা জেসাইকার প্রচারপত্র ও সদস্য ফরম আটক করা হয়।